

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ত্রিপুরার সাধারণ ডিগ্রী কলেজে ভর্তি হতে ইচ্ছুক উচ্চ মাধ্যমিক (১০+২)/সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জানানো হচ্ছে যে, নিম্নোক্ত নির্ধারিত অনুসারে ত্রিপুরার সকল সাধারণ ডিগ্রী কলেজে ২০১৭-১৮ ইং শিক্ষা বর্ষে বিভিন্ন অনার্স এবং পাশ কোর্সে বি এ/বি এস সি/ বি কম প্রথম বর্ষে প্রথম সেমিস্টার এ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত সূচী অনুযায়ী (কলেজ ছুটির দিন ব্যতীত) ভর্তির দরখাস্ত সংগ্রহ এবং অন্যান্য নিয়মাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

১)	ভর্তির দরখাস্ত বিতরণ ও পূরণ করা দরখাস্ত জমার তারিখ	:	১২-০৬-২০১৭ ইং হইতে ২০-০৬-২০১৭ ইং
২)	কলেজ কর্তৃক দরখাস্ত পরীক্ষার তারিখ	:	২১-০৬-২০১৭ ইং হইতে ৩০-০৬-২০১৭ ইং
৩)	মেধা অনুসারে নির্বাচিত এবং অপেক্ষামান ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশের তারিখ	:	০৩-০৭-২০১৭ ইং
৪)	ভর্তির তারিখ	:	০৪-০৭-২০১৭ ইং হইতে ১১-০৭-২০১৭ ইং ১) কলেজ কর্তৃক (বিজ্ঞাপিত) নিধারিত ভর্তির সূচী অনুসারে ভর্তি হবে এবং ২) শুধুমাত্র আগরতলার ৪টি সাধারণ ডিগ্রী কলেজের জন্য প্রকাশিত কনফার্ম লিস্ট এর ছাত্র-ছাত্রীদের ০৪-০৭-২০১৭ ইং হইতে ০৬-০৭-২০১৭ ইং এর মধ্যে ভর্তি হতে হবে।
৫)	ক্লাশ শুরু হবে	:	১৪-০৭-২০১৭ ইং

বিশেষ দ্রষ্টব্য :-

- ১) একজন ছাত্র বা ছাত্রী একাধিক কলেজে দরখাস্ত জমা দিতে এবং নির্বাচিত হতে পারে, কিন্তু সে একাধিক কলেজে ভর্তি হলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
- ২) ছাত্র-ছাত্রীদের ভর্তির ফরম কলেজ থেকে বা www.highereducation.tripura.gov.in থেকে ডাউনলোড করে সংশ্লিষ্ট সার্টিফিকেট, মার্কশীট ইত্যাদির কপি সহ জমা দিতে হবে। যে সমস্ত কলেজের ভর্তির নিয়মাবলী সংশ্লিষ্ট কলেজের website -এ দেওয়া আছে, ছাত্র-ছাত্রীরা সেটা অনুসরণ করে ফরম পূরণ করতে পারবে। এছাড়া dhetripura.mhpravesh.in website- এ গিয়ে ভর্তির ফর্ম অনলাইনে পূরণ করে প্রিন্টআউট বের করে সংশ্লিষ্ট কলেজে/কলেজগুলিতে প্রয়োজনীয় সার্টিফিকেট, মার্কশীট সহ নির্দিষ্ট সময়ে জমা দিতে হবে।
- ৩) ভর্তির ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত (বিজ্ঞাপিত) সুনির্দিষ্ট সূচী অনুসারে ভর্তি নেওয়া হবে। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদের অবশ্যই সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে সময়মত পদক্ষেপ নিতে হবে।
- ৪) কলেজ কর্তৃক কনফার্ম লিস্ট জানিয়ে বিজ্ঞাপিত করা হবে। সেই অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ভর্তি হতে হবে।
- ৫) অনার্স এর ক্ষেত্রে দুইটির বেশী বিষয়ে অগ্রাধিকার.(প্রেফারেন্স) দেওয়া যাবে না।